দৈনিক
ইত্তেফাক

24 MAY 2017

# প্রধান শিক্ষক পদে দায়িত্ব পাচ্ছেন সহকারী শিক্ষকরা

■ ইত্তেফাক রিপোর্ট

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের শূন্যপদ পূরণে সহকারী শিক্ষকদের মধ্য থেকে দায়িত্ব দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। জ্যেষ্ঠতার ভিত্তিতে ১৬ হাজার সহকারী শিক্ষককে চলতি এ দায়িত্ব দেয়া হবে। গতকাল মঙ্গলবার ঢাকা জেলার ৮৭ শিক্ষককে প্রধান শিক্ষকের চলতি পৃষ্ঠা ১৯ কলাম ৭

## প্রধান শিক্ষক পদে

প্রথম পৃষ্ঠার পর

দায়িত্ব দিয়ে এ কার্যক্রম শুরু হয়েছে। গতকাল সচিবালয়ে সংবাদ সম্মেলনে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মোস্তাফিজুর রহমান এ তথ্য জানান।

মন্ত্রী বলেন, প্রচলিত নিয়মে মোট শূন্যপদের ৩৫ শতাংশ পিএসসির মাধ্যমে সরাসরি নিয়োগ দেওয়া হয়। আর সহকারী শিক্ষকদের মধ্য থেকে পদোন্নতি পায় বাকি ৬৫ শতাংশ। প্রাথমিক বিদ্যালয়গুলোতে ২১ হাজারের বেশি প্রধান শিক্ষকের পদ শূন্য। আমরা ৬৫ শতাংশ দিতে পারব, যা সংখ্যায় ১৬ হাজার। পদটি দ্বিতীয় শ্রেণির হওয়ায় এ তালিকা আমরা পিএসসিতে পাঠাব। আপাতত কাজ চালিয়ে নেওয়ার জন্য যাদের তালিকা পাঠান হবে তাদেরই চলতি দায়িত্ব দেওয়া হচ্ছে।' প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের বেতন বৈষম্যের ব্যাপারে তিনি বলেন, এ বিষয়ে অর্থমন্ত্রীর সঙ্গে আলোচনা হয়েছে। এজন্য একটি কমিটিও করা হয়েছে। শিক্ষকদের বক্তব্য, প্রধান শিক্ষকের পদ শূন্য থাকায় স্কুলগুলোতে শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে।

সংবাদ সম্মেলনে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ আসিফ-উজ-জামান, অতিরিক্ত সচিব নজরুল ইসলাম খান, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক আবু হেনা মোস্তফা কামাল, বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি আতিকুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।